IDRA BANGLADESH — INSURANCE DEVELOPMENT AND REGULATORY AUTHORITY

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
**৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা।**
**প্রশাসন-২ শাখা, প্রশাসন অনুবিভাগ।**
www.idra.org.bd

বাংলাদেশের মুক্তিযুদ্ধ Bangladesh 50 — মুজিব শতবর্ষ MUJIB 100

মুজিববর্ষের প্রতিশ্রুতি
বীমা খাতের অগ্রগতি

## আবেদন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি

১. Online আবেদনপত্রে প্রার্থীকে তার স্বাক্ষর (৩০০×৮০ **Pixel, Size Max 60 KB**) ও রঙিন ছবি (**৩০০×৩০০ Pixel, Size Max 100 KB**) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

Online আবেদনপত্রে পূরণকৃত সকল তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

২. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের জন্য আব্যশিকভাবে সংরক্ষণ করবেন।

৩. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন **টেলিটক প্রিপেইড মোবাইলের মাধ্যমে** ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য নির্ধারিত টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না।

**প্রথম SMS** : IDRA<space> User ID লিখে 16222 এই নম্বরে send করতে হবে।
**দ্বিতীয় SMS** : IDRA<space>YES<space>PIN লিখে 16222 এই নম্বরে send করতে হবে।

৪. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://idra.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে।

Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৫. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

৬. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে IDR<space> <Help> <space> < User > <space> <User ID & send to 16222
Example : IDRA Help User ABCDEF & send to 16222
ii) PIN Number জানা থাকলে IDRA <space> <Help> <space> <PIN> <space> < PIN No. & send to 16222
Example : IDRA Help PIN 12345678 & send to 16222

৭. **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটি সনদের ০১টি করে ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে;

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র;

(খ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কতৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র ;

(গ) জাতীয় পরিচয়পত্র;

(ঘ) Online-এ পূরণকৃত আবেদপত্রের কপি;

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী/ আবেদনকারী চাকুরিপ্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনপত্র। এরূপ সনপত্র ব্যতিত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এই মর্মে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(চ) শারিরীক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ছ) বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৮. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার বিষয়ে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

১০. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে স্ব স্ব নিয়োগ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপত্রের মূলকপি জমা দিতে হবে।

১৩. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৪. প্রার্থী যদি বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

১৫. ত্রুটিপূর্ণ এবং অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।